


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
এমপিও শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd



নং ৫৭.০০.০০০০.০৪০.২২.০০২.২০-৫৫

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মে ২০২২ খ্রিস্টাব্দ


বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) (পুনঃসংশোধন-১২ মে ২০২১) এবং বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ [ভোকেশনাল, স্বকসায় ব্যবস্থাপনা (বিএম), কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা] (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) (পুনঃসংশোধন-১২ মে ২০২১) এর কতিপয় বিষয় স্পষ্টীকরণ।

সূত্র: (১) এনটিআরসিএ'র স্মারক নং-৩৭.০৫.০০০০.০১২.০১.০০১.২১-৫৫ তারিখ-১৩.০২.২০২২খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.২৩.০০১.২১-৬৩ তারিখ-২২.০৩.২০২২খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিদ্যমান এমপিও নীতিমালা অনুযায়ী সুপারিশকৃত ও যোগদানকৃত শিক্ষকদের এমপিওভুক্তিতে জটিলতা নিরসনকল্পে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে একটি সভা করতঃ কতিপয় সুপারিশ প্রণয়ন করে। তদপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

- নীতিমালা সংশোধন না হওয়া পর্যন্ত NTRCA কর্তৃক সুপারিশকৃত প্রভাবক (জীববিজ্ঞান) পদে উদ্ভিদবিজ্ঞান অথবা প্রাণিবিজ্ঞান ডিগ্রীধারীদের এমপিওভুক্তকরণ;
- নীতিমালা সংশোধন না হওয়া পর্যন্ত NTRCA কর্তৃক সুপারিশকৃত প্রদর্শক (জীববিজ্ঞান) পদে উদ্ভিদবিজ্ঞান অথবা প্রাণিবিজ্ঞান ডিগ্রীধারীদের এমপিওভুক্তকরণ;
- সহকারী শিক্ষক (কৃষি) পদে অন্যান্য বিষয়ের সাথে প্রাণিবিজ্ঞান ও বিএড ডিগ্রী অন্তর্ভুক্তকরণ;
- সহকারী শিক্ষক (কৃষি) পদে NTRCA কর্তৃক সুপারিশকৃতদের বিএড ডিগ্রী থাকলে তাদের ১০ম গ্রেডে (১৬০০০-৩৮৬৪০/-) এবং বিএড ডিগ্রী না থাকলে তাদের ১১তম গ্রেডে (১২৫০০-৩০২৩০/-) বেতন স্কেল নির্ধারণকরণ;
- নীতিমালা সংশোধন না হওয়া পর্যন্ত NTRCA কর্তৃক সুপারিশকৃত সহকারী শিক্ষক (কৃষি) পদে অন্যান্য বিষয়ের পাশাপাশি প্রাণিবিজ্ঞানে ডিগ্রীধারীদের এবং বিএড ডিগ্রী বিহীন শিক্ষকদের এমপিওভুক্তকরণ।

২। বর্ণিত শর্তাবলী যথাযথ সতর্কতার সাথে প্রতিপালন করতে হবে এবং কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে সে বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মতামত গ্রহণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।


(সাক্ষাদি হোজেন)
উপসচিব

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০




স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১১.১৯- ৩০৭

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৯
৩০ মে ২০২২

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপরিলিখিত ৩০/০৫/২০২২ তারিখের ৫৭.০০.০০০০.০৪০.২২.০০২.২০-৫৫ নং স্মারকের সিদ্ধান্তসমূহ নির্দেশক্রমে অবহিত করা হলো।

অধ্যক্ষ/সুপার,
..... (সকল এমপিওভুক্ত মাদ্রাসা)


মোঃ লুৎফর রহমান
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

সদয় অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। উপসচিব (এমপিও শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।